কোস্ট শিক্ষা প্রকল্পের মাসিক বুলেটিন

# দর্পণ

participates in survival strategies of coastal poor
COAST Foundation

ডিসেম্বর ২০২২

বর্ষ: ৪, সংখ্যা: ৫০

মানবিক সহায়তা ও সাড়া প্রদানের অংশ হিসেবে, ইউনিসেফের আর্থিক ও কারিগরি সহযোগিতায় শিক্ষা প্রকল্পের আওতায় কোস্ট ফাউন্ডেশন রোহিঙ্গা শিশুদের প্রাক প্রাথমিক এবং অনানুষ্ঠানিক শিক্ষা প্রদান করছে। ক্যাম্প-১৪ তে কোস্ট ফাউন্ডেশনের ৮৪ টি লার্নিং সেন্টার ও ৫০ টি শিশু বিকাশ কেন্দ্র রয়েছে। যেখানে (৫২৫৯ + ১১১৫) সর্বমোট ৬৩৭৪ জন শিক্ষার্থী আনন্দঘন পরিবেশে মানসম্মত শিক্ষা গ্রহণ করছে।



অন্তর্ভুক্তিকরণ শিক্ষা ব্যবস্থায় সেতারাকে সহপাঠীদের সাথে পরিচয় করিয়ে দিচ্ছেন জেডিআই অফিসার।



শাহ আলম, তার অনুজ সহপাঠীদের পড়াচ্ছেন।



একজন বাক প্রতিবন্ধি শিশুকে হাত ধোয়ার ধাপ শেখানো হচ্ছে।

www.coastbd.net

Mobile: 01762624808, email: jasim@coastbd.net

## বিশ্ব শিশু দিবস উদ্‌যাপন

কোস্ট ফাউন্ডেশন ক্যাম্প ১৪ তে ১৩৪ টি শিক্ষা



লেভেল ২ এর একজন শিক্ষার্থী দিবস উদযাপন উপলক্ষ্যে নিজের আকানো ছবি প্রদর্শন করছেন। ছবি: জাবেদ, টিও।

কেন্দ্রে বিশ্ব শিশু দিবস ২০২২ উদযাপন করেছে। কোস্ট ফাউন্ডেশন দিবসটি উদযাপনের জন্য প্রতিটি কেন্দ্রে কমিউনিটি এডুকেশন সাপোর্ট গ্রুপের সভাপতি ও সদস্য, মাঝি, ইমাম, অভিভাবক ও কর্মসূচী স্টাফদের সহযোগীতায় শিশু অধিকার, বৈষম্য, বাল্যবিবাহ এবং শিশুর জন্য শিক্ষার গুরুত্ব নিয়ে আনুষ্ঠানিক আলোচনা সভার আয়োজন করে। আলোচনার পাশাপাশি মিয়ানমারের গ্রামীন সংস্কৃতি, গ্রামীন জীবনের ছবির চিত্রাঙ্কন প্রতিযোগীতা ও প্রদর্শণীর আয়োজন করে।

দিবসটি উদযাপনকালীন সময়ে ক্যাম্প ১৪ এর ক্যাম্প ইনচার্জ কোস্ট ফাউন্ডেশনের ছয়টি শিক্ষাকেন্দ্র পরিদর্শণ করেন এবং শিক্ষা কেন্দ্রগুলোতে চলমান আলোচনায় অংশগ্রহণ করেন। তিনি উপস্থিত অভিভাবক ও শিক্ষাকেন্দ্র পরিচালনাকারী সংস্থার প্রতিনিধিদের শিক্ষাকেন্দ্রে শিশুর নিরাপত্তা, শিশু শ্রম ও বাল্যবিবাহের বিষয়ে আলোকপাত করেন এবং এগুলো থেকে দূরে থাকার পরামর্শ দেন। এসময় ক্যাম্প ইনচার্জের সাথে বিভিন্ন সংস্থার প্রতিনিধিরা ও উপস্থিত থেকে আলোচনায় অংশগ্রহণ করেন।

পরিশেষে ক্যাম্প ইনচার্জের কার্যালয়ে কমিউনিটি এডুকেশন সাপোর্ট গ্রুপের সভাপতি ও সদস্য, মাঝি, ইমাম, অভিভাবক ও বিভিন্ন সংস্থার প্রতিনিধিদের অংশগ্রহণে এক সমন্বয় সভার মধ্যদিয়ে দিবস উদযাপনের শেষ করা হয়। সভায় দিবসটি পালনের বিভিন্ন গুরুত্ব নিয়ে আলোচনা করা হয় এবং অভিভাবক, সম্প্রদায় ও শিক্ষার্থীদের একসুত্রে গাঁথার অনন্য উপায় হিসাবে উল্লেখ করা হয়।



দিবস উদযাপন উপলক্ষ্যে ক্যাম্প ইনচার্জ অফিসে বিভিন্ন সংস্থার প্রতিনিধিদেও সাথে ক্যাম্প ইনচার্জেও সমন্বয় সভা। ছবি: জিলানী, টিও।

## পিতামাতার যত্ন (ভালোবাসা চিরকালের)

অলিভ লার্নিং সেন্টারের শিক্ষার্থী আনোয়ার সাদেক। তার শারীরিক প্রতিবন্ধকতা রয়েছে। সে গ্রেড-১ এ পড়ে। কিন্তু মাঝে মাঝে এলসি আসার পথে তাকে একটু পরিবেশগত বাধার সম্মুখীন হতে



সাদেক তার বড় ভাইয়ের পিঠে চড়ে শিক্ষা কেন্দ্রে আসছেন। ছবি: সুরাইয়া, জেডিআইও।

হয়। অলিভ শিক্ষাকেন্দ্রের হোস্ট টিচার এবং রোহিঙ্গা টিচার তাদের বাড়ীতে পরিদর্শন করে এবং তার পিতামাতার সাথে কথা বলেন। শিক্ষার গুরুত্ব বোঝার পর তার বড় ভাই তাকে সমর্থন করতে রাজি হন। প্রতিদিন তার বড় ভাই তাকে শিক্ষা কেন্দ্রে নিয়ে আসে। তার একটি সহায়ক ডিভাইস দরকার যাতে সে নিজেই তার বাধা দূর করতে পারে। কেয়ারগিভার সাপোর্ট পেয়ে তিনি নিয়মিত এলসিতে আসছেন। সে এলসি আসতে ভালোবাসে। এভাবে মাধ্যমে

## কমিউনিটি নেতৃবৃন্দের সহযোগিতায় কার্যকর হচ্ছে ইসিডি সেন্টার

কোস্ট ফাউন্ডেশন ২৪শে জুলাই, ২০২২ ক্যাম্প ১৪ তে ৫০টি ইসিডি সেন্টারের কার্যক্রম শুরু করে, শুরু হওয়ার পর সেন্টার পরিচালনায় বিভিন্ন প্রতিবন্ধকতার সমুখীন হয় যেমন; উপস্থিতির হার কম, অভিভাবকরা প্রাক-প্রাথমিক শিক্ষার গুরুত্ব সম্পর্কে কম সচেতন, শিক্ষাথীরা সময় মতো উপস্থিত হয় না, সম্প্রদায়ের লোকেরা ইসিডি কেন্দ্রের গুরুত্ব বোঝেনা, শিক্ষাথীরা অন্যান্য সংস্থার কেন্দ্রের শিক্ষাথী ইত্যাদি।



ইসিডি সেন্টারে ষিক্ষাথীরা খেলার মাধ্যমে শিখছে। ছবি: ছালমা, মেন্টর।

প্রতিবন্ধকতাগুলো অতিক্রম করার জন্য, ২৩ আগস্ট, ২০২২-এ কমিউনিটি মাঝি, ইমাম এবং সম্প্রদায়ের নেতাদের সাথে একটি ইসিডি ওরিয়েন্টেশনের আয়োজন করা হয়েছিল। ওরিয়েন্টেশনে অংশগ্রহণকারীরা কমিউনিটির মানুষের প্রত্যাশা ব্যক্ত করেন এবং তারা ইসিডি সেন্টারের কার্যক্রম ও গুরুত্ব সম্পর্কে বিস্তারিত ধারণা পান। অভিযোজন প্রাপ্তির পর সম্প্রদায়ের নেতারা এবং ধর্মীয় নেতারা ECD কার্যক্রম, উদ্দেশ্য এবং সাধারণ শিক্ষার গুরুত্ব সম্পর্কে সঠিক ধারণা পান।

ইসিডি কেন্দ্রের সময়সূচী বজায় রাখা এবং শিশুদের সময়মতো শিক্ষা কেন্দ্রে পাঠানোর বিষয়ে সম্প্রদায় এখন সচেতন। সম্প্রদায়ের নেতাদের পাশাপাশি ধর্মীয় নেতারা নিয়মিত ইসিডি কেন্দ্রগুলোতে যান। তারা শিক্ষাথীদের সময়মতো কেন্দ্রে উপস্থিত হওয়ার পরামর্শ দেন। তারা সময় মতো উপস্থিত না থাকা শিক্ষাথীদের বাড়িতেও যান। কেন্দ্রে আসার সময় অভিভাবকরা তাদের সন্তানদের নিয়ে আসেন।



কমিউনিটি এডুকেশন সাপোর্ট গ্রুপের একজন সদস্য ইসিডি কেন্দ্র পরিদর্শন করছেন। ছবি: মাহবুব, মেন্টর।

## ইসিডি সেন্টারে আসতে পেরে সাহেদ এখন খুশি

আবু তৈয়ব ও হালিমা খাতুনের ছেলে ৩ বছর বয়সী মোহাম্মদ সাহেদ তার পরিবারের সাথে ক্যাম্প ১৪ ব্লক, বি-৪



শাহেদ ইসিডি সেন্টারে মজুত বিভিন্ন খেলনা নিয়ে খেলছে। ছবি: বদিউল, মেন্টর।

এ থাকেন। তার ৩ ভাই ও ২ বোন রয়েছে। তার ভাইবোনেরা তাদের বাড়ির পাশে কোস্ট ফাউন্ডেশনের মেরিগোল্ড লার্নিং সেন্টারে পড়ছে। তাই, সহোদরদের স্কুলের সময় তাকে বাড়িতে একা থাকতে হয়, কারণ তার মা বাড়ির অন্যান্য কাজে ব্যাস্ত থাকেন। তাই কারো সাথে খেলার সুযোগ পান না।

কোস্ট ফাউন্ডেশন পরিচালিত কলম ইসিডি সেন্টারের অবস্থান তাদের ঘরের পাশে। ইসিডি সেন্টারের ফ্যাসিলিটেটর তাদের ঘরে আসেন, সাহেদের মতো শিশুদের বিদ্যাপিঠ কোস্ট ইসিডি সেন্টারের কথা তার মাকে জানান যেখানে খেলাধুলা, কবিতা, ছড়া, গান, গল্প ইত্যাদির মাধ্যমে শেখানো হয়।

শিশুদের জন্য অনেক ধরণের খেলনা আছে। কথাটা শুনে সাহেদ খুব খুশি হয় এবং সাহেদের মা তাকে পর দিন থেকে ইসিডি সেন্টারে পাঠাতে শুরু করেন। সাহেদও প্রতিদিন যথাসময়ে ইসিডি সেন্টারে আসতে শুরু করে। এখন সে খুব খুশি, সেন্টারে তার বন্ধু আছে। অনেক ধরণের খেলনা আছে। সে তার বন্ধুদের সাথে খেলা করে, কবিতা পড়ে, গল্প শোনে। সে সবসময় পরিচ্ছন্ন থাকেন। এখন সে নতুন জামাকাপড় পরতে অভ্যস্ত ঠিকমতো খায়, হাসে, বাবা-মায়ের কথা শোনে খাওয়ার আগে ও পরে হাত ধোঁয়া। এতে ঘন ঘন আমাশয়ের মতো রোগ হয় না। ছেলের পরিবর্তণ দেখে বাবা-মা খুব খুশি। তারা মনে করেন যে শিশুদের জন্য কোস্ট ফাউন্ডেশন প্রদত্ত গৃহভিত্তিক শিক্ষা থেকে তারা অনেক উপকৃত হবে। কোস্ট ফাউন্ডেশনের এমন উদ্যোগকে তারা স্বাগত জানিয়েছেন।

## প্রোগ্রাম কর্মীদের জন্য দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

২২-২৬ নভেম্বর '২২; কোস্ট কক্সবাজার সেন্টারে শিক্ষা কার্যক্রম কর্তৃক প্রোগ্রাম কর্মীদের ৫ দিন ব্যাপি ''দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ'' অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রোগ্রাম বাস্তবায়ন ইউনিটের সকল কর্মী এবং শিক্ষা কার্যক্রমের প্রোগ্রাম অর্গানাইজারগন অংশগ্রহণ করেন।

জেডি-এসডিসি ও শিক্ষা কর্মসূচির ফোকাল পার্সন প্রশিক্ষণ সমন্বয়কারী হিসেবে সম্পূর্ণ প্রশিক্ষণটি পরিচালনা করেন। প্রশিক্ষক প্রকল্প কর্মীদের নিজস্ব দক্ষতার বিকাশ, উন্নত যোগাযোগ, কেইস স্ট্যাডি, নিউজলেটার এবং প্রোগ্রাম কাজের গতিশীলতা বৃদ্ধির জন্য করণীয় গুলোর উপর দৃষ্টি নিবদ্ধন



জেডি-এসডিসি ও শিক্ষা কর্মসূচির ফোকাল পার্সন প্রশিক্ষণ পরিচালনা করছেন। ছবি: দিলিপ, এটিও।

করেন। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীগন প্রোগ্রাম পরিচালনা ও বাস্তবায়নে আরও কর্ম দক্ষতা ও পেশাগত চ্যালেঞ্জ মোকাবিলায় সচেষ্ট হওয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

বুলেটিনে ব্যবহৃত সকল ছবি ধারণ এবং সংস্থার কাজে ব্যবহার করার পূর্বে ছবির অংশগ্রহণকারীদের মতামত গ্রহন করা হয়েছে।